

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪৯১

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৯) প্রথম কাতারে নামায পড়ার প্রতি উদ্বুদ্ধ করন এবং কাতার সোজা করা ও কাতারের ডান দিকের ফ্যীলতের বর্ণনা

الترغيب في الصف الأول وما جاء في تسوية الصفوف والتراص فيها وفضل ميامنها

আরবী

(حسن لغيره) وَعَنْ أَبِيْ أُمامَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّ اللهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى الصَّفِ الْأُوَّلِ قَالُوا يَا رَسُولُ اللَّهِ وعلى الثاني قَالَ "إِنَّ اللَّهَ وَمَلائِكَتَهُ يُصَلُّونَ عَلَى الصَّفِّ الأُوَّلِ، قَالُوا يَا رَسُولُ اللَّهِ وعلى الثاني قالَ وعلى الثاني قالَ وعلى الثاني وعلى الثاني وعلى الثاني وعلى الثاني وعلى الثاني

(صحيح) وقال رسول الله صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: سَوُّوا صنُفُوفَكُمْ وحاذوا بَيْنَ مَنَاكِبِكُمْ وَلِينُوا في أَيْدِي إِخْوَانِكُمْ، وَسَدِّدُوا الْخَلَلَ، فَإِنَّ الشَّيْطَانَ يَدْخُلُ فيما بَيْنَكُمْ بمنزلة وَالْحَذْفُ) يعني أولاد الضأن الصغار رواه أحمد والطبراني

বাংলা

৪৯১. (হাসান লি গাইরিহী) আবু উমামা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ "নিশ্চয়ই আল্লাহ্ রহমত নাযিল করেন এবং ফেরেশতারা দু'আ করেন প্রথম কাতারের জন্য[1]।" তারা বললেনঃ হে আল্লাহর রাসূল! দ্বিতীয় কাতারের জন্য?

তিনি বললেনঃ ''নিশ্চয়ই আল্লাহ্ রহমত নাযিল করেন এবং ফেরেশতারা দু'আ করেন প্রথম কাতারের জন্য।'' তারা বললেনঃ হে আল্লাহর রাসূল! দ্বিতীয় কাতারের জন্য? তিনি বললেনঃ ''দ্বিতীয় কাতারের জন্যও।''

(সহীহ) এবং রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আরো বলেছেনঃ



"তোমরা তোমাদের কাতার গুলোকে সোজা করে নাও, কাঁধগুলো বরাবর করে নাও। পার্শ্ববর্তী মুছল্লীর জন্য হাতগুলো নরম করে দাও, ফাঁকা স্থানকে পরিপূর্ণ করে দাও। কেননা ফাঁকা স্থানে শয়তান প্রবেশ করে যেমন একটি ছাগলের ছোট বাচ্চা ফাঁকা জায়গা পেলে ঢুকে যায়।"

(হাদীছটি বর্ণনা করেছেন আহমাদ ৫/২৬২ এবং ত্বাবরানী ২২২৬৩)

ফুটনোট

[1] . অর্থাৎ- প্রথম কাতারে অবস্থানকারী মুসলিমদের জন্য ফেরেশতারা দু'আ করেন। অনুবাদক

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ বাহিলী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন